গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন ও সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

**জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউল পর্যালোচনা ও অনুমোদন কমিটির' প্রথম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব বিজয় ভট্টাচার্য্য<br>অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ। |
| সভার স্থান | : এসএসপিএস সভাকক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন। |
| তারিখ ও সময় | : ১০ অক্টোবর ২০১৬, বিকাল ০৩.৩০ ঘটিকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, National Social Security Strategy (NSSS) বা জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউলের প্রাথমিক খসড়া প্রস্তুত করার ক্ষেত্রে যারা দায়িত্ব পালন করেছেন তিনি তাঁদেরকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি প্রস্তুতকৃত খসড়া মডিউলটি সভায় উপস্থাপনের জন্য ন্যাশনাল ইনস্টিটিউট অব লোকাল গভর্নমেন্ট (এনআইএলজি)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে এনআইএলজি-এর পরামর্শক পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউলটি সংক্ষেপে উপস্থাপন করেন। তাঁর উপস্থাপনার পর আলোচ্য কোর্সের সেশন পরিকল্পনা, প্রশিক্ষণ পদ্ধতি, সময় বণ্টন এবং কোর্স কন্টেন্ট ইত্যাদির ওপর সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন।

৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মডিউল হ্যান্ড আউট এবং অন্যান্য পাঠ্য বিষয়বস্তু যথাসম্ভব সহজবোধ্য ও সাধারণের উপযোগী ভাষায় উপস্থাপন করতে হবে। দুর্বোধ্য টেকনিক্যাল টার্মসমূহ যথাসম্ভব পরিহার করতে হবে। ইউপি চেয়ারম্যানগণকে প্রদেয় পাঠ্য উপাদান দুই থেকে তিন পাতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;

(খ) মডিউলের তৃতীয় সেশনে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন সংশ্লিষ্ট সাধারণ বিষয়াবলি আলোচনার পর NSSS এর বৈশিষ্ট্যসমূহ উপস্থাপন করা হবে;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের জন্য পরিচালিত তিনদিন মেয়াদি প্রশাসনিক প্রশিক্ষণ কর্মসূচির সঙ্গে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মডিউল অন্তর্ভুক্ত করার লক্ষ্যে উক্ত প্রশিক্ষণ কর্মসূচি অর্ধ-দিবস সম্প্রসারণ এবং প্রয়োজনীয় বাজেট সংস্থানের ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করে মন্ত্রিপরিষদ বিভাগ একটি পত্র প্রেরণ করবে;

(ঘ) প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউল ভ্যালিডেশনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রতিনিধিবর্গের অংশগ্রহণে এনআইএলজি কর্তৃপক্ষ আগামী ১৮-২০ অক্টোবর তারিখের মধ্যে সুবিধাজনক দিনে অর্ধ-দিবস ব্যাপি একটি কর্মশালার আয়োজন করবে। এনআইএলজি'র পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)-কে মহাপরিচালক মহোদয়ের সঙ্গে আলোচনাক্রমে কর্মশালার তারিখ নির্ধারণ করবেন; এবং

(ঙ) প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউল অনুমোদন কমিটির দ্বিতীয় সভা আগামী ১৩ অক্টোবর ২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(জনাব বিজয় ভট্টাচার্য্য)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন ও সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

**জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউল অনুমোদন কমিটির' দ্বিতীয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব বিজয় ভট্টাচার্য্য<br>অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ। |
| সভার স্থান | : এসএসপিএস সভাকক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন। |
| তারিখ ও সময় | : ১৩ অক্টোবর ২০১৬, সকাল ১০:০০ ঘটিকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথম সভার সিদ্ধান্তের আলোকে মডিউল সংশোধন/পরিমার্জন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সংশোধিত মডিউলটি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে এনআইএলজি-এর পরামর্শক পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউলটিতে যে সকল পরিবর্তন করা হয়েছে তা সংক্ষেপে উপস্থাপন করেন। তাঁর উপস্থাপনার পর এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিগত সভার আলোচনার আলোকে যথাযথভাবে এটি সংশোধন করা হয়েছে মর্মে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। মন্ত্রিপরিষদ বিভাগ এবং এনআইএলজির মধ্যে সম্পাদিত এমওইউ-এর আলোকে যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হলে প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম অক্টোবর মধ্যেই শুরু করা প্রয়োজন মর্মে সভায় সকলে ঐকমত্য প্রকাশ করেন। এছাড়া সভায় ভ্যালিডেশন কর্মশালা আয়োজনের প্রস্তুতি সম্পর্কেও আলোচনা করা হয়।

৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী মডিউলটি যথাযথভাবে সংশোধন করা হয়েছে বিধায় এটি প্রাথমিকভাবে অনুমোদন করা হয়;

(খ) কোর্স কন্টেন্টসমূহের ভাষা আরও সহজীকরণ সম্ভব কিনা তা আরও পর্যালোচনা করতে হবে;

(গ) প্রশিক্ষণ কার্যক্রম যাতে বক্তৃতা নির্ভর না হয়ে বরং প্রকৃতপক্ষে অংশগ্রহণমূলক হয় সে বিষয়ে সংশ্লিষ্ট প্রশিক্ষকগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হবে;

(ঘ) প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৩০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে যাতে শুরু করা সম্ভব হয় সে লক্ষ্যে এনআইএলজি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

(ঙ) ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠানের পর এ কমিটির শেষ সভার তারিখ নির্ধারণ করা হবে এবং সে সভায় এ মডিউলটি চূড়ান্তভাবে অনুমোদন করা হবে।

৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(জনাব বিজয় ভট্টাচার্য্য)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন ও সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

**জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউল অনুমোদন কমিটির' ৩য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব বিজয় ভট্টাচার্য্য<br>অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ। |
| সভার স্থান | : এসএসপিএস সভাকক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন। |
| তারিখ ও সময় | : ৩ নভেম্বর ২০১৬, সকাল ১০:০০ ঘটিকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ভেলিডেশন কর্মশালায় প্রাপ্ত মতামত ও পরামর্শের পরিপ্রেক্ষিতে প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউলটি সংশোধন/পরিমার্জন করা হয়েছে কিনা জানতে চান। সভায় অবহিত করা হয় ভেলিডেশন কর্মশালায় প্রাপ্ত মতামত ও পরামর্শের পরিপ্রেক্ষিতে এটি সংশোধন/পরিমার্জন করা হয়েছে। সভাপতি চুড়ান্ত সংশোধিত মডিউলটি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে এনআইএলজি-এর পরামর্শক পাওয়ার পয়েন্টের মাধ্যমে চুড়ান্ত সংশোধিত প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউল তথা এর কভার পেজ, ইনার পেজসহ অন্যান্য বিষয় উপস্থাপন করেন। তাঁর উপস্থাপনার পর এ মডিউলের উপর বিস্তারিত আলোচনা হয়। এটি যথাযথভাবে এটি সংশোধন করা হয়েছে এবং মডিউলটি দিয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা যায় মর্মে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। মন্ত্রিপরিষদ বিভাগ এবং এনআইএলজির মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের আলোকে যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা প্রয়োজন বলে সভায় আলোচনা হয়। এছাড়া প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হওয়ার পর মাঠ পর্যায়ে ইউনিয়ন পরিষদের জন্য প্রশিক্ষণ পরিচালনার অতিরিক্ত একদিনের ব্যায় বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগকে মন্ত্রিপরিষদ বিভাগ অনুরোধ জানানোর বিষয়েও আলোচনা হয়।

৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ভেলিডেশন কর্মশালা প্রাপ্ত মতামত ও পরামর্শের পরিপ্রেক্ষিতে প্রশিক্ষক প্রশিক্ষণ মডিউলটি যথাযথভাবে সংশোধন করা হয়েছে বিধায় মডিউলটি প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য এটি চুড়ান্ত অনুমোদন দেওয়া হল;

(খ) প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৮/৯ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে যাতে শুরু করা সম্ভব হয় সে লক্ষ্যে এনআইএলজি দাওয়াতপত্র প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের জন্য পরিচালিত তিনদিন মেয়াদি প্রশাসনিক প্রশিক্ষণ কর্মসূচির সঙ্গে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মডিউল অন্তর্ভুক্ত করার লক্ষ্যে উক্ত কর্মসূচি অর্ধ-দিবস সম্প্রসারণ এবং প্রয়োজনীয় বাজেট সংস্থানের ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করে মন্ত্রিপরিষদ বিভাগ আগামী ২০ নভেম্বর ২০১৬ মধ্যে একটি পত্র প্রেরণ করতে যথাযথ ব্যবস্থা নিবে;

৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(জনাব বিজয় ভট্টাচার্য্য)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
মন্ত্রিপরিষদ বিভাগ